গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প।

স্মারক নং: ৫৬.০৪.০০০০.১০৬.০৭.০৭১.২২ ৩৮৫ তারিখ: ২০-০৪-২০২৫ খ্রি

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)" প্রকল্পের আওতায় বিভিন্ন প্যাকেজের আওতায় জেলার সরকারি ও বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানে End User Connectivity সংক্রান্ত সেবা (Service) ক্রয়ের বিষয়ে বিদ্যমান সেবাক্রয় চুক্তির মেয়াদ বৃদ্ধি এবং কানেক্টিভিটির কার্যক্রম দ্রুত সম্পন্নকরণের নিমিত্ত User Provisional Acceptance Certificate (UPAC) প্রদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)" প্রকল্পের বিভিন্ন প্যাকেজের আওতায় জেলার বিভিন্ন পর্যায়ে সরকারী ও বেসরকারী বিভিন্ন প্রতিষ্ঠানে End User Connectivity সংক্রান্ত সেবা (Service) ক্রয়ের বিদ্যমান সেবাক্রয় চুক্তির মেয়াদ আগামী ৩০-০৬-২০২৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। "ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)" প্রকল্পের আওতায় End User Connectivity প্রদানের জন্য বরাদ্দকৃত অর্থ ৩০-০৬-২০২৫ এর মধ্যে ব্যয়ের নিমিত্ত কানেক্টিভিটির যাবতীয় কার্যক্রম আগামী ১৫-০৬-২০২৫ এর মধ্যে সম্পন্ন করার জন্য যথাযথ কর্তৃপক্ষের নির্দেশনা রয়েছে।

০২। মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মহোদয়ের নির্দেশনা মোতাবেক প্রকল্পের আওতায় বিভিন্ন প্যাকেজের আওতায় জেলার বিভিন্ন পর্যায়ে সরকারি ও বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানে End User Connectivity সংক্রান্ত সেবা কার্যক্রম ৩০-০৬-২০২৫ এর মধ্যে সম্পন্নকরণের নিমিত্ত সপ্তাহ ভিত্তিক কাজের অগ্রগতির প্রতিবেদন দাখিল করতে হচ্ছে। সেই প্রেক্ষিতে, মাঠ পর্যায়ের সম্পাদিত কানেক্টিভিটির সংখ্যা সঠিক ও নির্ভুল প্রদানের নিমিত্ত আইএসপি প্রতিষ্ঠান কর্তৃক সম্পন্নকৃত End User Connectivity সংক্রান্ত User Provisional Acceptance Certificate (UPAC) প্রদান করা প্রয়োজন।

০৩। আইএসপি প্রতিষ্ঠান কর্তৃক সম্পন্নকৃত End User Connectivity সংক্রান্ত User Provisional Acceptance Certificate (UPAC) দাখিলের ৭ (সাত) দিনের মধ্যে উপজেলা আইসিটি কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন করা এবং ৩ (তিন) দিনের মধ্যে জেলা আইসিটি কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন করা প্রয়োজন।

০৪। বর্ণিতাবস্থায়, "ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)" প্রকল্পের আওতায় আইএসপি প্রতিষ্ঠান কর্তৃক সম্পন্নকৃত End User Connectivity সংক্রান্ত User Provisional Acceptance Certificate (UPAC) উল্লেখিত সময়সীমার মধ্যে প্রত্যয়ন পত্র প্রদানের জন্য অনুরোধ করা হলো।

২০.০৪.২০২৫
(তানজিনা ইসলাম)
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প।

বিতরণ: (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
১। জেলা আইসিটি কর্মকর্তা, জেলা-----------------।
২। উপজেলা আইসিটি কর্মকর্তা, উপজেলা-----------------, জেলা -----------------।

স্মারক নং: ৫৬.০৪.০০০০.১০৬.০৭.০৭১.২২ ৩৮৮ তারিখ: ২০-০৪-২০২৫ খ্রি

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

১। উপ-প্রকল্প পরিচালক, ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প।

২। মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারীর একান্ত সচিব (মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারীর সদয় অবগতির জন্য)।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২০.০৪.২০২৫

(তানজিনা ইসলাম)

প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)

ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প।